তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা ২য় ত্রৈমাসিকের প্রতিবেদন

(০১ অক্টোবর, ২০২৩ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত)

কার্যক্রম: ১.১

তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্যপ্রাপ্তির আবেদন নিষ্পত্তি

সোনালী ব্যাংক পিএলসি

পাবলিক রিলেশন্স ডিভিশন

# সোনালী ব্যাংক পিএলসি

পাবলিক রিলেশন্স ডিভিশন

কার্যক্রম নং-১.১ এর

## প্রমাণক

### তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির ছক

(০১ জুলাই, ২০২৩ হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত)

| ক্র:নং | প্রাপ্ত আবেদনের সংখ্যা | আবেদন নিষ্পত্তির সংখ্যা | আপিল আবেদনের সংখ্যা | প্রাপ্তআবেদন রেজিস্ট্রার ভুক্তিকরণের তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | ০৩টি | ০২টি-তে তথ্য প্রদানে অপারগতা জানিয়ে ফরম-"খ" প্রদান করা হলো | ০১টি | ০৫-১১-২০২৩<br>০৫-১২-২০২৩<br>১৭-১২-২০২৩ |

(মোহাম্মদ ইসমাইল)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ও
সভাপতি
তথ্য অধিকার বিষয়ে বার্ষিক পরিকল্পনা
বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি

# সোনালী ব্যাংক পিএলসি

পাবলিক রিলেশন্স ডিভিশন

কার্যক্রম নং-১.১ এর

## প্রমাণক

**তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির ছক**

**(০১ জুলাই, ২০২৩ হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত)**

| ক্র:নং | তথ্য প্রাপ্তির আবেদনের তারিখ | আবেদনকারীর নাম ও ঠিকানা | আবেদনের জবাব/অপারগতা/আপীল জানানোর তারিখ |
|---|---|---|---|
| ০১. | ০৫-১১-২০২৩ | তানভীর আজাদ মামুন<br>পিতা: আবুল কালাম আজাদ<br>মাতা: বিলকিস জাহান<br>বর্তমান ঠিকানা: পুরাতন ওয়াবদা রোড, বজ্রাপুর, জামালপুর<br>স্থায়ী ঠিকানা: বাগেরহাটা, জামালপুর। | অপারগতা:<br>১৫-১১-২০২৩ |
| ০২. | ০৫-১২-২০২৩ | মোঃ মিরাজ ভূঁইয়া<br>চিফ রিপোর্টাও, সাপ্তাহিক আলো<br>স্যুট-১২, বাড়ি-৮, লেভেল-৪<br>রোড-২, ব্লক-ডি, কলওয়ালা পাড়া<br>মিরপুর-১, ঢাকা-১২১৬। | অপারগতা:<br>১৪-১২-২০২৩ |
| ০৩. | ৩১-১১-২০২৩ | দিলিপ কুমার দাস<br>পিতার নামঃ মতিলাল দাস<br>মাতার নামঃ সুরবালা দাস<br>স্থায়ী ঠিকানাঃ গ্রাম- টেকনোওয়াদ্দ, ডাকঘর: পশি বাজার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।<br>বর্তমান ঠিকানাঃ ৮৫/১, স্বামীবাগ লেন গেন্ডারিয়া, ঢাকা। | আপীল আবেদন:<br>১৭-১২-২০২৩ |

(মোহাম্মদ ইসমাইল)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ও
সভাপতি
তথ্য অধিকার বিষয়ে বার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি

সোনালী ব্যাংক পিএলসি

*বিশ্বস্ত ও স্মার্ট*

নং-এসবিপিএলসি/তথ্য/অপারগতা/২০২৩/১২৬১৬ তারিখঃ ১৫ নভেম্বর, ২০২৩

**ফরম-"খ"**

(তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ বিধি ৫ দ্রষ্টব্য)

আবেদনের সূত্র নম্বর: ফরম-"ক" তারিখ:০৫-১১-২০২৩

প্রতি
তানভীর আজাদ মামুন
পিতার নামঃ আবুল কালাম আজাদ
মাতার নামঃ বিলকিস জাহান
বর্তমান ঠিকানাঃ পুরাতন ওয়াবদা রোড, বজ্রাপুর, জামালপুর।
স্থায়ী ঠিকানাঃ বাগেরহাটা, জামালপুর।
মোবাইল নম্বরঃ ০১৭১১৫১৫৮২০

বিষয় ঃ তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,

আপনার ০৫-১১-২০২৩ তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করার জন্য অপারগতা প্রকাশ করা হলো। যথা:-

১। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ধারা-৩৭ ও ধারা-২৭ কক (কপি সংযুক্ত) মোতাবেক তথ্য সরবরাহে অপারগতা জানানো হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ ধারা-৩(খ) অনুযায়ী অন্য কোনো আইনের তথ্য প্রদানে বাধা সংক্রান্ত বিধানাবলী তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানবলীর সার্থে সাংঘর্ষিক হলে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানাবলী প্রাধান্য পাবে। কিন্তু Banker's Book Evidence Act, 2021 ধারা ০৭ মোতাবেক আপাতত বলবৎ অন্য কোনো আইনে যা কিছুই থাকুক না কেন, Banker's Book Evidence Act, 2021 উল্লিখিত ক্ষেত্র ব্যতীত, ব্যাংকের কোনো কর্মকর্তা বা কর্মচারী অন্য কোনো ব্যক্তির নিকট কোনো গ্রাহকতথ্য প্রকাশ করবে না। যেহেতু Banker's Book Evidence Act, 2021 তথ্য অধিকার আইন, ২০০৯ এর পরে প্রণীত হয়েছে সেহেতু Banker's Book Evidence Act, 2021 এর বিধানাবলী তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানাবলীর উপর প্রাধান্য পাবে।

(মোহাম্মদ ইসমাইল)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ও
তথ্য কর্মকর্তা
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয় তথ্য ইউনিট

# সোনালী ব্যাংক পিএলসি
*বিশ্বস্ত ও স্মার্ট*

নং-এসবিপিএলসি/তথ্য/অপারগতা/২০২৩/ ~~[illegible]~~ ২৫৫২৬ তারিখঃ ১৪ ডিসেম্বর, ২০২৩

**ফরম-"খ"**
(তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ বিধি ৫ দ্রষ্টব্য)

আবেদনের সূত্র নম্বর: ফরম-"ক"

তারিখ:০৫-১২-২০২৩

প্রতি
মোঃ মিরাজ ভূঁইয়া
চিফ রিপোর্টার
সাপ্তাহিক আলো
স্যুট-১২, বাড়ি-৮, লেভেল-৪
রোড-২, ব্লক-ডি, কলওয়ালা পাড়া
মিরপুর-১
ঢাকা-১২১৬।

বিষয় ঃ তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,

আপনার ০৫-১২-২০২৩ তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করার জন্য অপারগতা প্রকাশ করা হলো। যথা:-

১। Banker's Book Evidence Act, 2021 মোতাবেক তথ্য সরবরাহে অপারগতা জানানো হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ ধারা-৩(খ) অনুযায়ী অন্য কোনো আইনের তথ্য প্রদানে বাধা সংক্রান্ত বিধানাবলী তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানবলীর সার্থে সাংঘর্ষিক হলে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানাবলী প্রাধান্য পাবে। কিন্তু Banker's Book Evidence Act, 2021 মোতাবেক আপাতত বলবৎ অন্য কোনো আইনে যা কিছুই থাকুক না কেন, Banker's Book Evidence Act, 2021 উল্লিখিত ক্ষেত্র ব্যতীত, ব্যাংকের কোনো কর্মকর্তা বা কর্মচারী অন্য কোনো ব্যক্তির নিকট তথ্য প্রকাশ করবে না। যেহেতু Banker's Book Evidence Act, 2021 তথ্য অধিকার আইন, ২০০৯ এর পরে প্রণীত হয়েছে সেহেতু Banker's Book Evidence Act, 2021 এর বিধানাবলী তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানাবলীর উপর প্রাধান্য পাবে।

(মোহাম্মদ ইসমাইল)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ও
তথ্য কর্মকর্তা
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয় তথ্য ইউনিট

Jamalpur Correspondent
NEWS
স্বদেশ প্রতিদিন
THE GOOD MORNING
Publisher & Editor
বাংলার কথা

**Tanvir Azad Mamun**
Secretary of the Department
Jamalpur Zila Press Club

Office : Pouro Supar Market Tomaltola, Jamalpur
Cell : 01711-515820, 01712-701342
e-mail : mamonazad.jamalpur@gmail.com

Mr. Shahidul Islam SPO
Public Relation Division -এ
[illegible]

DGM PO, Jamalpur/DGM, Corporate

DGM PO, Jamalpur
pls take n/a

Mr. Khaled - AGM

ফরম 'ক'

## তথ্য প্রাপ্তির আবেদনপত্র

[...]র (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি ৩ দ্রষ্টব্য]

বরাবর
মো: আবু সাইদ
জেনারেল ম্যানেজার (নাম ও পদবী)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,
................................ (দপ্তরের নাম ও ঠিকানা)

১। আবেদনকারীর নাম : তানভীর আজাদ মামুন
পিতার নাম : আবুল কালাম আজাদ
মাতার নাম : বিনাময় জাহান
বর্তমান ঠিকানা : পুরাতন ওয়াপদা মোড়, বজ্রাপুর, জামালপুর
স্থায়ী ঠিকানা : বাগেরহাটা, জামালপুর
ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে) : ০১৭১১৫১৫৮২০

২। কি ধরনের তথ্য* (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) :

১। সোনালী ব্যাংক জামালপুরের সকল শাখায় মোট কত টাকা ঋণখেলাপী রয়েছে?

২। মোট ঋণখেলাপীর সংখ্যা কত?

৩। ঋণ খেলাপীদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেয়া হয়েছে?

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি) : ছাপানো বা ফটোকপি
৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা : তানভীর আজাদ মামুন, জামালপুর
৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা : ................................

আবেদনের তারিখ : ০৫/১১/২০ইং

তানভীর
আবেদনকারীর স্বাক্ষর

* তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য।

CamScanner

ফরম 'ক'

তথ্য প্রাপ্তির আবেদন পত্র

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৩ দ্রষ্টব্য]

বরাবর
জনাব মোহাম্মদ ইসমাইল
ডেপুটি জেনারেল ম্যানেজার ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সোনালী ব্যাংক লিমিটেড, জনসংযোগ বিভাগ
প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল
বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ফোন: ০২-২২৩৩৮১৪১৫
ই-মেইল: dgmprd@sonalibank.com.bd

৩০৫৭ 05 DEC 2023

বিষয়ঃ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারার ভিত্তিতে তথ্য প্রাপ্তির আবেদন।

১। আবেদনকারীর নাম ও ঠিকানাঃ ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল নাম্বার (যদি থাকে): মো: মিরাজ ভূইয়া, চীফ রিপোর্টার, সাপ্তাহিক আলো, সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয়: স্যুট-১২, বাড়ি নং-৮, লেভেল-৪, রোড নং-২, ব্লক-ডি, কলওয়ালা পাড়া, মিরপুর-১, ঢাকা-১২১৬। ফোন: ০২-২২৬৬২২৯৬০, মোবাইল: ০১৭১২৮৯৯৩৫৮, ই-মেইল: mirazbhuiyan16@gmail.com

২। কি ধরনের তথ্যঃ (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন): (ক) ২০০৪ সাল হতে ২০২০ সাল পর্যন্ত সোনালী ব্যাংকের প্রধান কার্যালয় হতে কম্পিউটার অপারেটর, সিনিয়র কম্পিউটার অপারেটর হিসেবে যেসব জনবল নিয়োগ করা হয়েছিল তাদের তালিকার সত্যায়িত ফটোকপি, ব্যাংকিং আইন অনুসারে নিয়োগপ্রাপ্তদের ব্যাংকে চাকরির ক্ষেত্রে ফাউন্ডেশন কোর্সের সনদপত্র, নিয়োগের সময়ে দাখিলকৃত কম্পিউটারের প্রশিক্ষণ সনদ, অভিজ্ঞতার স্বপক্ষে দাখিলকৃত সকল প্রমাণপত্র, নিয়োগপত্র, যোগদানপত্র, পদোন্নতিপত্র, নিয়োগ ও পদোন্নতি নীতিমালার সত্যায়িত ফটোকপি আবশ্যক।

(খ) ২০১৮ সালে সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ের সিনিয়র প্রিন্সিপাল অফিসার থেকে অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (এজিএম) পদে যেসব কর্মকর্তাদের পদোন্নতি দেওয়া হয়েছিল তাদের তালিকার সত্যায়িত কপি, উক্ত কর্মকর্তাদের পদোন্নতিপত্র, পদোন্নতির স্বপক্ষে দাখিলকৃত সকল অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি, বদলীর অফিস আদেশ, পদোন্নতি ও বদলী নীতিমালার সত্যায়িত ফটোকপি আবশ্যক।

(গ) তৎকালীন সময়ে সোনালী ব্যাংকের ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (বিজনেস আইটি) জনাব মো. মামুনুর রশিদ ভূঁইয়ার নিয়োগপত্র, যোগদানপত্র, নিয়োগের সময়ে দাখিলকৃত সকল অভিজ্ঞতা সনদপত্র, বদলী ও পদোন্নতিপত্র, বদলী ও পদোন্নতি নীতিমালার সত্যায়িত ফটোকপি আবশ্যক।

(ঘ) ১৯৮৬ থেকে ২০০০ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে সিনিয়র অফিসার হিসেবে ব্যাংকার্স রিক্রুটমেন্টের মাধ্যমে প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যেসব কর্মকর্তাগণ নিয়োগপ্রাপ্ত হয়েছিলেন তাদের তালিকার সত্যায়িত কপি আবশ্যক।

(ঙ) ২০০৮ সাল হতে ২০২০ সালের মধ্যে কম্পিউটার সিস্টেম অফিসার, অ্যাসিস্ট্যান্ট অপারেশন ম্যানেজার, অপারেশন ম্যানেজার, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, এজিএম পদে পদোন্নতি প্রাপ্ত সকল কর্মকর্তা-কর্মচারীদের তালিকার সত্যায়িত কপি, পদোন্নতি প্রাপ্ত উক্ত কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগপত্র, যোগদানপত্র, মাঠপর্যায়ে চাকরির অভিজ্ঞতার প্রমাণপত্র, ম্যানেজার, ঋণ কর্মকর্তা, সাধারণ ব্যাংকিং, প্রত্যন্ত অঞ্চলে কাজের অভিজ্ঞতা, শিল্পখাতে কাজের অভিজ্ঞতার প্রমাণপত্র, পদোন্নতির স্বপক্ষে দাখিলকৃত সকল অভিজ্ঞতা সনদের ফটোকপি, বদলী ও পদোন্নতিপত্র, বদলী ও পদোন্নতি নীতিমালার সত্যায়িত ফটোকপি আবশ্যক।
জনস্বার্থে ও বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের স্বার্থে উক্ত তথ্য আবশ্যক।

অর্থ মন্ত্রনালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং ব্যাংক থেকে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন কল্পে জারিকৃত তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা/নীতিমালা, ২০১৫ (সংশোধিত ২০২০) এবং স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২১ এর অনুচ্ছেদ ১৩.১ এর নির্দেশনায় বলা হয়েছে, তথ্য অধিকার আইন, ২০০৯ ও এই নির্দেশিকার বিধি-বিধান সাপেক্ষে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যদি কোনো আবেদনকারীকে তথ্য বা এ সংক্রান্ত সিদ্ধান্ত প্রদানে ব্যর্থ হয় বা তথ্যপ্রাপ্তির কোনো অনুরোধ গ্রহন করতে অস্বীকার করে বা সিদ্ধান্ত প্রদানে ব্যর্থ হয় বা ভুল, অসম্পূর্ণ, বিভ্রান্তিকর, বিকৃত তথ্য প্রদান করে বা কোনো তথ্য প্রাপ্তির পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করে বা তথ্য অধিকার পরিপন্থী কোনো কাজ করে তাহলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার এহেন কাজকে অসদাচরণ হিসেবে বিবেচনা করা হবে এবং সংশ্লিষ্ট চাকরী বিধিবিধান অনুসারে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা হবে।

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহীঃ (ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন অনুমোদিত পদ্ধতি): চাহিত তথ্যের সত্যায়িত ফটোকপি ডাকযোগে এবং ই-মেইল মাধ্যমে গ্রহন করতে চাই।

৪। তথ্য গ্রহনকারীর নাম ও ঠিকানাঃ মো: মিরাজ ভূইয়া, চীফ রিপোর্টার, সাপ্তাহিক আলো, সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয়: স্যুট-১২, বাড়ি নং-৮, লেভেল-৪, রোড নং-২, ব্লক-ডি, কলওয়ালা পাড়া, মিরপুর-১, ঢাকা-১২১৬। ফোন: ০২-২২৬৬২২৯৬০, মোবাইল: ০১৭১২৮৯৯৩৫৮, ই-মেইল: mirazbhuiyan16@gmail.com

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানাঃ প্রযোজ্য নহে।

আবেদনের তারিখঃ ০৫/১২/২৩

আবেদনকারী

মো: মিরাজ ভূইয়া
চীফ রিপোর্টার, সাপ্তাহিক আলো
স্যুট-১২, বাড়ি নং-৮, লেভেল-৪
রোড নং-২, ব্লক-ডি, কলওয়ালা পাড়া
মিরপুর-১, ঢাকা-১২১৬
ফোন: ০২-২২৬৬২২৯৬০
মোবাইল: ০১৭১২৮৯৯৩৫৮
ই-মেইল: mirazbhuiyan16@gmail.com

ফরম 'গ'

আপিল আবেদন

{তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি -৬ দ্রষ্টব্য}

পত্র নং ঃ এফআরএফওএল/এসবিএল/এলও/শিল্পঋন/তথ্য অধিকার/আপিল/২০২৩/০২ তারিখ ঃ১৭,ডিসেম্বর,২০২৩

বরাবর

আপিল কর্তৃপক্ষ

তথ্য প্রদান ইউনিট,

সোনালী ব্যাংক পিএলসি

প্রধান কার্যালয়, ৩৫-৪২,৪৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

পাবলিক রিলেশন্স ডিভিশন
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৩৫৩৯ 17 DEC 2023
এজিএম-১/এজিএম-২
☐ আলাপ করুন
☐ উপস্থাপন করুন
☐ প্রয়োজনীয় পদক্ষেপ নিন
☐ দ্রুত জবাব দিন
☐ নথিভুক্ত করুন
☐ ..........দিনের মধ্যে সম্পাদন করুন
ডেপুটি জেনারেল ম্যানেজার

১। আপিল কারীর নাম ও ঠিকানা ঃ দিলিপ কুমার দাস,
পিতার নাম ঃ মতিলাল দাস, মাতার নাম ঃ সুরবালা দাস.
স্থায়ী ঠিকানা ঃ গ্রাম : টেকনোওয়াদ্দা, ডাক ঘর : পশি বাজার, রূপগঞ্জ, নারায়নগঞ্জ
বর্তমান যোগাযোগের ঠিকানা ঃ ৮৫/১ স্বামীবাগ লেন, গেন্ডারিয়া, ঢাকা;
মোবাইল ফোন নং ঃ ০১৭১৫৩৪০৫১৬ ইমেইল ঃ **ejazachowdhury@gmail.com**

২। আপিলের তারিখ ঃ ১৭ , ডিসেম্বর,২০২৩ ইং

৩। যে আদেশের বিরুদ্ধে আপিল করা হইয়াছে উহার কপি (যদি থাকে) ঃ

৪। যাহার আদেশের বিরুদ্ধে আপিল করা হইয়াছে তাহার নাম সহ আদেশের বিবরণ (যদি থাকে)ঃ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, তথ্য প্রদান ইউনিট,সোনালী ব্যাংক পিএলসি,প্রধান কার্যালয়, ৩৫-৪২,৪৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ;
আদেশের বিবরণ ঃ আমি তথ্য প্রাপ্তির জন্য তথ্য অধিকার আইনে'র নির্দেশিত আইনানুগ প্রক্রিয়ায় গত ৩১,অক্টোবর, ২০২৩ ইং তারিখে আপনার দপ্তরস্থ তথ্য প্রদান ইউনিট এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা বরাবর নিকট আবেদন পত্র দাখিল করিয়াছি (সংযুক্তি ১)। আপনার দপ্তর কর্তৃক আমার উক্ত আবেদন পত্র প্রাপ্ত হইয়া আইনানুগ সময় অতিক্রান্ত হওয়ার পরও আমার আবেদিত তথ্যাদি সরবরাহ না করে আমাকে তথ্য সরবরাহ করিতে প্রত্যাখান করা হইয়াছে ।

৫। আপিলের সংক্ষিপ্ত বিবরণ ঃ আমি তথ্য প্রাপ্তির জন্য তথ্য অধিকার আইনে'র নির্দেশিত আইনানুগ প্রক্রিয়ায় গত ৩১, অক্টোবর,২০২৩ ইং তারিখে আপনার দপ্তরস্থ তথ্য প্রদান ইউনিট এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা বরাবর নিকট আবেদন পত্র দাখিল করিয়াছি (সংযুক্তি ১)। আমার পত্রটি আপনার দপ্তর কর্তৃক গ্রহন করার পর হইতে আইনানুগ সময় অতিক্রান্ত হওয়ার পরও আমার আবেদিত তথ্যাদি সরবরাহ না করে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক আমাকে তথ্য সরবরাহ করিতে প্রত্যাখান করা হইয়াছে বিধায় আপনি আপিল কর্তৃপক্ষের নিকট আমার আবেদিত তথ্যাদি সরবরাহ করার জন্য অত্র আপিল আবেদন দাখিল করিতেছি।

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হওয়ার বিবরণ (সংক্ষিপ্ত বিবরণ) ঃ; (ক) আমার আবেদিত তথ্য সরবরাহ করার জন্য আপনার দপ্তরের তথ্য প্রদান ইউনিটের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা'র উপর আইনানুগ ভাবে দায়িত্ব অর্পিত আছে এবং তিনি উক্ত অর্পিত দায়িত্ব প্রতিপালন না করে লাগাতার দায়িত্বহীনতা প্রদর্শন করিয়া আমার আবেদিত তথ্য সরবরাহ করিতে প্রত্যাখান করিয়াছেন,-উক্ত কারণে আমি সংক্ষুব্ধ হইয়াছি; (খ)আমার আবেদিত তথ্য সমূহ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ০৭ এ বর্ণিত বিধান অনুযায়ী গোপনীয় নয় কিংবা অ-সরবরাহযোগ্য নয় বিধায় আলোচ্য ক্ষেত্রে আমার আইনানুগ অধিকার ক্ষুন্ন করা হইয়াছে,- উক্ত কারণে আমি সংক্ষুব্ধ হইয়াছি; (গ) আলোচ্য ক্ষেত্রে আমার আবেদিত তথ্য সমূহ সরবরাহ করিতে অপারগ হওয়ার কোন সঙ্গত কারন বিদ্যমান নাই বিধায় আমার আইনানুগ অধিকার ক্ষুন্ন করা হইয়াছে - উক্ত কারণে আমি সংক্ষুব্ধ হইয়াছি; (ঘ) আলোচ্য ক্ষেত্রে সর্বোচ্ছ ৩০(ত্রিশ) কর্মদিবস অতিক্রান্ হওয়ার পরও আমাকে আবেদিত তথ্য প্রদান করিতে প্রত্যাখান করা হইয়াছে বিধায় আমার আইনানুগ অধিকার ক্ষুন্ন করা হইয়াছে - উক্ত কারণে আমি সংক্ষুব্ধ হইয়াছি; (ঙ) গন প্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৩৯ এবং তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী আমার আবেদিত তথ্যাদি আপনার দপ্তর কর্তৃক সরবরাহ করিতে বাধ্য, আলোচ্য ক্ষেত্রে আমার সাংবিধানিক বিধিবদ্ধ প্রাপ্য মৌলিক অধিকার'কে আপনার দপ্তর কর্তৃক প্রত্যাখান করা হয়েছে, উক্ত কারণে আমি সংক্ষুব্ধ হইয়াছি; (চ) আপনি শুনানী আহবান করিলে উক্ত শুনানীতে আমি নিজে অথবা প্রতিনিধি মারফত উপস্থিত হইয়া আমার সংক্ষুব্ধ হওয়ার অন্যান্য কারণ সমূহ উপস্থাপন করিব।

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি ঃ (ক) আমি যথাযথ আইনানুগ প্রক্রিয়ায় আপনার দপ্তরের তথ্য প্রদান ইউনিটেরদায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা বরাবর ৩১/১০/২০২৩ ইং তারিখে তথ্য সরবরাহের জন্য অবেদন পত্র দাখিল করিয়াছি (সংযুক্তি ১)।

(ক্রম অপর পৃষ্ঠা)

আপনার দপ্তর আমার উক্ত আবেদন পত্র প্রাপ্ত হওয়ার পর আইনানুগ সময়সীমা অতিক্রান্ত হইলেও আপনার দপ্তরের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক আমার আবেদিত তথ্য সমূহ সরবরাহ না করে তথা সরবরাহ করিতে প্রত্যাখান করা হইয়াছে। এমতাবস্থায় তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ২৪(১) অনুযায়ী আমার আবেদিত তথ্যাদি প্রাপ্ত হওয়ার জন্য আপনার নিকট অত্র আপিল আবেদন দাখিল করিতেছি। অতএব, আমার প্রার্থিত প্রতিকারের আবেদন ন্যায়ানুগ ও যৌক্তিক। (খ) আপনার দপ্তর তথ্য অধিকার আইন,২০০৯ পূর্নাঙ্গ ভাবে মানিয়া চলিতে বাধ্য বিধায় প্রজাতন্ত্রের অর্পিত দায়িত্ব পালন করিতে বাধ্য। গণ প্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী জনগনের মৌলিক অধিকার সমূহ নিশ্চিত করা হয়েছে, সংবিধানের অনুচ্ছেদ ৩৯ অনুয়ায়ী জনগণের মুক্ত চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতার নিশ্চয়তা প্রদান করা হয়েছে; একই সাথে ২০০৯ সালের ২০ নং আইন তথা তথ্য অধিকার আইন ২০০৯ এর মাধ্যমে জনগনের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করা হয়েছে। সংবিধান এবং তথ্য অধিকার আইন অনুযায়ী আমার আবেদিত তথ্যাদি সরবরাহ করিতে আপনার দপ্তর'কে এবং আপনার দপ্তরের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে বাধ্যবাধকতাপুর্ণ দায়িত্ব অর্পন করা হইয়াছে। অথচ, আপনার দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী'র উপর অর্পিত দায়িত্ব তিনি প্রতিপালন না করিয়া আমার আইনানুগ অধিকার'কে ক্ষুন্ন ও খর্ব করা হইয়াছে বিধায় আমি আপনার নিকট প্রতিকার পাওয়ার হকদার; অতএব, আমার প্রার্থিত প্রতিকারের আবেদন ন্যায়ানুগ ও যৌক্তিক। (গ) সংশ্লিষ্ট আইনের বিধান অনুযায়ী, সর্বোচ্ছ ৩০(ত্রিশ) কর্ম দিবসের মধ্যে আমার আবেদিত তথ্যাদি সরবরাহ করিতে আপনার দপ্তরের তথ্য প্রদান ইউনিটের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা বাধ্য। তারপরও আপনার দপ্তরের সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উক্ত বাধ্যবাধকতাপূর্ণ দায়িত্ব প্রতিপালন না করিয়া- তথা আমার আবেদিত তথ্যাদি সরবরাহ না করিয়া তথা সরবরাহ করিতে প্রত্যাখান করিয়া আমার আইনানুগ প্রাপ্য অধিকার ক্ষুন্ন করিয়াছেন বিধায় অত্র আপিল আবেদনটি যুক্তিযুক্ত এবং প্রিমাফেসি ভিত্তিক। (ঘ) অত্র আপিল আবেদনের অনুচ্ছেদ ৬ এ বর্ণিত বক্তব্য এবং অত্র অনুচ্ছেদ ৭ এর (ক), (খ), এবং (গ) এ বর্ণিত সকল বক্তব্য যৌক্তিক ও আইনানুগ ন্যায় ভিত্তিক বিধায় আমি আপনার নিকট হইতে পূর্নাঙ্গ প্রতিকার পাওয়ার হকদার। (ঙ) তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ২৪(১) এবং প্রজোয্য বিধি অনুযায়ী অত্র আপিল আবেদনটি যথাযথ প্রক্রিয়ায় দাখিল করা হইয়াছে বিধায় অত্র আপিল আবেদনে প্রার্থিত প্রতিকার যুক্তিযুক্ত এবং আইন সঙ্গত। (চ) আপনি শুনানী আহবান করিলে উক্ত শুনানীতে আমি নিজে অথবা প্রতিনিধি মারফত উপস্থিত হইয়া প্রার্থিত প্রতিকারের অনুকূলে অন্যান্য যুক্তি/ভিত্তি সংক্রান্ত আইনানুগ বক্তব্য উপস্থাপন করিব।

৮। আপিল কারী কর্তৃক প্রত্যায়ন ঃ আমি আপিলকারী/নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, অত্র আপিল আবেদনে আমার দাখিলকৃত সকল বক্তব্য সঠিক ।

৯। অন্য কোন তথ্য যাহা আপিল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপিলকারী ইচ্ছা প্রকাশ করেন ঃ

(ক) আলোচ্য বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহন করে আবেদিত তথ্যাদি সরবরাহ করার জন্য অনুরোধ করিতেছি।

(খ) আপনার দপ্তরের তথ্য প্রদান ইউনিটের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা'র যাবতীয় কার্যক্রম তদারকী ও মনিটরিং করার জন্য আপনাকে আইনানুগ কর্তৃত্ব ও দায়িত্ব অর্পন করা হইয়াছে। অথচ, আলোচ্য বিষয়ে আপনি নির্লিপ্ত নীরবতা -দায়িত্বহীনতা নিষ্ক্রিয়তা প্রদর্শন করিয়াছেন। আলোচ্য ক্ষেত্রে প্রমানিত বিষয় যে, আপনার দপ্তরের তথ্য প্রদান ইউনিটের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক বেআইনী ভাবে প্রত্যাখান করে আমার ক্ষতি ও ভোগান্তি ঘঠানের বিষয়টি আপনার গোচরে ও জ্ঞাতসারে সংঘঠিত হইয়াছে। অতএব, আলোচ্য বিষয়ে আপনার কর্তব্য পরায়নতা-দায়িত্বশীলতা-দাপ্তরিক কার্য্যাদির যোগ্যতা বিষয়ে আত্ম- মূল্যায়ন করার জন্য অনুরোধ করিতেছি।

(গ) আপনার দপ্তরের তথ্য প্রদান ইউনিটের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক আইনানুগ সময়ের মধ্যে আমার আবেদিত তথ্যাদি সরবরাহ না করে প্রত্যাখান করা হইয়াছে। ইহাতে আমার ভোগান্তি ঘঠিয়াছে এবং অপূরনীয় ক্ষতি হইয়াছে ; আমার অনুরোধকৃত তথ্যাদি সরবরাহ না করার কারণে তথা প্রত্যাখান করার কারণে আমার ক্ষতি এবং ভোগান্তি দৈনিক বৃদ্ধি পাইতেছে। আপনার দপ্তর কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহন করিতে পূনরায় ব্যত্যয় ঘঠাইলে আমি আইনানুগ প্রক্রিয়ায় মাননীয় তথ্য কমিশন বরাবর অভিযোগ দাখিল করে অনুরোধকৃত তথ্য সরবরাহের নির্দেশনা এবং আমার অনুকূলে ক্ষতিপূরণ পরিশোধ করার নির্দেশনা প্রদানের জন্য আবেদন করিব।

(ঘ) তথ্য অধিকার আইন মানিয়া চলার বাধ্যবাধকতা থাকার পরও আলোচ্য ক্ষেত্রে নির্লিপ্ততা-নীরবতা -দায়িত্বহীনতা নিষ্ক্রিয়তা প্রদর্শনকারী কর্মকর্তা-কর্মচারীগণের বিরুদ্ধে **Deciplenary Action** গ্রহন ও কার্যকর করার জন্য দাবী এবং অনুরোধ করিতেছি।

(ঙ) আপনার দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদেরকে তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য অনুরোধ করিতেছি এবং তথ্য অধিকার আইন বিষয়ক আবেদন ও আপিল আবেদন সমূহ রেজিষ্ট্রার/রেকর্ডের আওতায় আনিয়া নিয়মিত মনিটরিং ও নিরীক্ষা করার জন্য অনুরোধ করিতেছি।

আবেদনের তারিখ ঃ ১৭ , ডিসেম্বর, ২০২৩ ইং ; আবেদনকারীর স্বাক্ষর ঃ [signature]